# Times Today BD

মীর খায়রুল আলম | রাজনীতি | 12 July, 2025

সাতক্ষীরা জাতীয় নাগরিক পার্টি(এনসিপি) আহবায়ক নাহিদ ইসলাম বলেছেন, তারা (বিএনপি) ভেবে ছিল ২/৩টা আসন দেখিয়ে ক্ষমতার ভাগবাটোয়ারা লোভ দেখিয়ে, তারা গণঅভ্যুত্থানের শক্তিকে কিনে নিবে।কিন্তু যারা বিপ্লবের শক্তি, যারা মৃত্যুর মুখ থেকে ফিরে  এসেছে, তাদের কেনার সাধ্য বাংলাদেশের কোন রাজনৈতিক দলের হয় নাই।হাসানাত আব্দুল্লাহ এর বক্তব্যের উদ্ধৃতি দিয়ে নাহিদ বলেন, ৫আগষ্ট আমরা দরজা খুলে দিয়ে বলেছিলাম আসুন জাতীয় সরকার গঠন করি, দেশকে পূনর্গঠন করি। সকল বিভাজন সবকিছুর উর্ধ্বে গিয়ে বাংলাদেশকে নতুন করে গড়ে তুলি।কিন্তু তারা আমাদের সেই প্রস্তাবে সায় দেয়নি।তারা বলেছিল ৩ মাসের মধ্যে নির্বাচন দিতে হবে, আবার বলেছে ৬ মাসের মধ্যে নির্বাচন দিতে হবে।ক্ষমতার ভাগবাটোয়ারা ছাড়া দেশ সংস্কারে তাদের কোন সমর্থন পাওয়া যায়নি ।শনিবার দুপুর ১ টায়  সাতক্ষীরা খুলনা রোড মোড় শহীদ আসিফ চত্বরে  পথসভায় তিনি এসব কথা বলেন।

জাতীয় নাগরিক পার্টি সাতক্ষীরা জেলার সমন্বয়ক কামরুজ্জামান বুলুর সভাপতিত্বে পথ সভায় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন দক্ষিণাঞ্চলের যুগ্ম মুখ্য সংগঠক মেসবাহ কামাল ও চিকিংসক তাসনিম জারা।এছাড়া মঞ্চে স্লোগান দেন দক্ষিণাঞ্চলের মুখ্য সংগঠক হাসানাত আব্দুল্লাহ। পথসভা আগে শহীদ আসিফ চত্বর এলাকায় জুলাই–বিপ্লবে আহত ও নিহতের পরিবারের সদস্যদের সাথে কথা বলেন। পরে একটি পদযাত্রা শহীদ আসিফ চত্বর থেকে বের হয়ে নিউমার্কেট মোড়ে শেষ হয়।এরপর নিউমার্কেট এলাকায় আল বারাকা হোটেলের দ্বিতীয় তলায় জেলা কার্যালয় উদ্বোধন করেন কেন্দ্রীয় নেতৃবৃন্দ।

দক্ষিণাঞ্চলের মুখ্য সংগঠক হাসানাত আব্দুল্লাহ বলেন, চাদাবাজ নির্মূলে গ্রামে গ্রামে, পাড়া মহল্লায় কমিটি গড়ে তুলতে হবে।

জাতীয় নাগরিক পার্টি নাহিদ ইসলাম

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 July, 2025 17:08

URL: https://timestodaybd.com/public/politics/4628775807